গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-২ অধিশাখা

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, সচিব, কৃষি মন্ত্রণালয়। |
| স্থান | ঃ | সভা কক্ষ (ভবন-৪, কক্ষ-৫১১), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| তারিখ | ঃ | ১৭ এপ্রিল ২০১৬ |
| সময় | ঃ | দুপুর ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কৃষি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিগণের নামের তালিকা সংলাগ- ১১ তে দ্রষ্টব্য।

সচিব, কৃষি মন্ত্রণালয় সভায় উপস্থিত মন্ত্রণালয়ের কর্মকর্তা ও বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ কে স্বাগত জানিয়ে সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হলে উহার উপর নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-'ক' ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও ৩ দিন ব্যাপী জাতীয় ফল প্রদর্শণীর তারিখ, স্থান ও উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি নির্বাচন।

আলোচনা ঃ সভায় ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ (১৬-৩০ জুন) ও ৩ দিন ব্যাপী (১৬-১৮ জুন) জাতীয় ফল প্রদর্শনীর জন্য ইতোপূর্বের নির্ধারিত সময় আলোচনান্তে বহাল রাখা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল চত্বর ও খামারবাড়িস্থ আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম এর নাম প্রস্তাব করা হলে স্থান নির্বাচনের বিষয়ে বিস্তারিত আলোচনার পর কৃষকসহ সর্বস্তরের জনগণের অংশগ্রহণের সুবিধার্থে বর্ণিত উদ্বোধনী অনুষ্ঠান ও ৩ দিন ব্যাপী (১৬- ১৮ জুন, ২০১৬) জাতীয় ফল প্রদর্শনী খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে অনুষ্ঠানের পক্ষে ঐক্যমত্য পোষণ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলে তিনি ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে জনাব তোফায়েল আহমেদ, এম.পি, মাননীয় মন্ত্রী, বানিজ্য মন্ত্রণালয়-কে আমন্ত্রণ জানানোর জন্য নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ (১৬-৩০ জুন) পালন ও এর উদ্বোধনী অনুষ্ঠান এবং ৩ দিন ব্যাপী (১৬-১৮ জুন, ২০১৬) জাতীয় ফল প্রদর্শনী খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে অনুষ্ঠিত হবে এবং উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য জনাব তোফায়েল আহমেদ, এম.পি, মাননীয় মন্ত্রী, বানিজ্য মন্ত্রণালয়-কে আমন্ত্রণ জানানো হবে।

আলোচ্যসূচি-'খ' ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর জন্য সম্ভাব্য প্রতিপাদ্য শ্লোগান নির্ধারণ।

আলোচনা ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর জন্য দৈনিক পত্রিকায় প্রকাশিতব্য ক্রোড়পত্র, ব্যানার, ফেস্টুন, পোস্টার, দাওয়াত কার্ড ও অন্যান্য ডকুমেন্টে উল্লেখ করার জন্য একটি প্রতিপাদ্য শ্লোগান নির্ধারণকল্পে বিগত ৫ বছরের প্রতিপাদ্য উল্লেখ করা হয়।

| বছর | প্রতিপাদ্য বিষয় |
|---|---|
| ২০১০ | দেশী ফলে বেশী লাভ, খাদ্য পুষ্টির নাই অভাব |
| ২০১১ | ফল বৃক্ষে ভরবো দেশ, বদলে যাবে বাংলাদেশ |
| ২০১২ | অর্থ পুষ্টি স্বাস্থ্য চান, দেশী ফলের গাছ লাগান। |
| ২০১৩ | দেশী ফলে বেশী পুষ্টি, অর্থ খাদ্যে পাই তুষ্টি। |
| ২০১৪ | দেশী ফলের অনেক গুন, নেইকো জুড়ি তার।<br>স্বাদে অর্থে তুলনাহীন, পুষ্টি কিংবা আহার। |
| ২০১৫ | দিন বদলের বাংলাদেশ, ফলদ বৃক্ষে ভরবো দেশ। |

সভায় ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনীর জন্য একটি প্রতিপাদ্য শ্লোগান নির্বাচনের জন্য সভায় প্রস্তাবিত ১৮টি প্রতিপাদ্য শ্লোগান হতে মাননীয় মন্ত্রী,কৃষি মন্ত্রণালয় সমীপে নিম্নোক্ত ৪টি প্রতিপাদ্য উপস্থাপন করা হয় ঃ

১. **অর্থ পুষ্টি স্বাস্থ্য চান**
**দেশী ফল বেশী খান।**

২. ফল চাষে সমৃদ্ধি
খাদ্য পুষ্টি প্রবৃদ্ধি।

৩. বছরব্যাপী ফল চাষে
খাদ্য পুষ্টির অভাব নাশে
ফল বৃক্ষে ভরবো দেশ।

৪. লাগাব চারা খাবো ফল
পাবো অর্থ পুষ্টি বল।

**সিদ্ধান্ত ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ (১৬-৩০ জুন-২০১৬) ও ৩ দিন ব্যাপী (১৬ - ১৮ জুন-২০১৬) জাতীয় ফল প্রদর্শনীর এ বছরের প্রতিপাদ্য শ্লোগান হবে**

১. **অর্থ পুষ্টি স্বাস্থ্য চান**
**দেশী ফল বেশী খান।**

**আলোচ্যসূচি-'গ' ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শণী উদযাপনের লক্ষ্যে বিভিন্ন দপ্তর/সংস্থার অনুকূলে অর্থ বরাদ্দকরণ।**

আলোচনা ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/ ২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর জন্য গঠিত অর্থ উপ-কমিটির পরবর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নিম্নেবর্ণিত দপ্তর/সংস্থার অনুকূলে চলতি অর্থ বছরে (২০১৫-১৬) ৬৮৪৫ বনায়ন খাতে বরাদ্দকৃত ৩.৩০ কোটি (তিন কোটি ত্রিশ লক্ষ) টাকা হতে গত অর্থ বছরে (২০১৪-২০১৫) বরাদ্দকৃত অর্থের সমপরিমাণ অর্থ বরাদ্দ দেয়া হবে মর্মে সভায় একমত পোষণ করা হয়। এছাড়া গত অর্থ বছরে সংশ্লিষ্ট দপ্তর সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থের আগামী ১০ মে ২০১৬ তারিখের মধ্যে সমন্বয় করে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানগণ গঠিত অর্থ উপ-কমিটির আহবায়ক ও অতিরিক্ত সচিব(সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়কে অবহিত করবে মর্মেও আলোচনা হয়।

| ক্র নং | প্রতিষ্ঠানের নাম | ২০১৪-১৫ অর্থ বছরের বরাদ্দ | ২০১৫-১৬ অর্থ বছরের বরাদ্দ প্রস্তাব |
|---|---|---|---|
| ১ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ২,৪২,৭০,০০০/- | ২,৫০,০৬,০০০/- |
| ২ | কৃষি তথ্য সার্ভিস | ৩৫,০০,০০০/- | ৩৯,৭৬,০০০/- |
| ৩ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | ১৪,০০,০০০/- | ১৯,০০,০০০/- |
| ৪ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | ৮,৫০,০০০/- | ১১,৩০,০০০/- |
| ৫ | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | ৫,০০,০০০/- | ৬,৪৭,০০০/- |
| ৬ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | ৭,০০,০০০/- | ৮,৩৭,৫০০/- |
| ৭ | থোক বরাদ্দ | ১৭,৮০,০০০/- | --- |
| | মোট= | ৩,৩০,০০,০০০/- | ৩,৩৪,৯৬,৫০০/- |

**সিদ্ধান্ত ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপনের জন্য গঠিত অর্থ উপ-কমিটির পরবর্তী সভার নোটিশ জারী করতে হবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৬টি দপ্তর/সংস্থার (ডিএই, এআইএস, বিএডিসি, বিএআরআই, বিএআরসি ও বিএমডিএ) অনুকূলে ৩.৩০ কোটি টাকা হতে গত অর্থ বছরে (২০১৪-১৫)বরাদ্দকৃত অর্থের সমপরিমান অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বরাদ্দ হতে ৫০% অগ্রিম মঞ্জুরী ও ব্যয় নির্বাহের পূর্বে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে। এছাড়া গত অর্থ বছরে (২০১৪-১৫) সংশ্লিষ্ট দপ্তর সংস্থার অনুকূলে বরাদ্দকৃত অর্থের আগামী ১০ মে ২০১৬ তারিখের মধ্যে যথা নিয়মে সমন্বয় করে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানগণ গঠিত অর্থ উপ-কমিটির আহবায়ক ও অতিরিক্ত সচিব(সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়কে অবহিত করবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।**

আলোচ্যসূচি-'ঘ'ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী অনুষ্ঠানের জন্য বিভিন্ন কমিটি গঠন।

আলোচনাঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ (১৬-৩০জুন) ও ৩ দিন ব্যাপী (১৬ জুন-১৮ জুন) জাতীয় ফল প্রদর্শনী সুষ্ঠুভাবে উদযাপনের জন্য বিভিন্ন ধরণের কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে জাতীয় কমিটি, জেলা কমিটি ও উপজেলা কমিটিসহ বিভিন্ন বিষয়ে ১০টি কমিটি/উপ-কমিটি গঠনের বিষয়ে মত প্রকাশ করা হলে তা সমর্থিত হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ ডিসেম্বর ২০১১ তারিখের ০৪.৫১২.০০৬.০০.০০.০০৫.২০১০-৩৩৪ সংখ্যক পরিপত্রে কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কোন কমিটি গঠনকালে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক বা মাঠ প্রশাসনের অন্য কোন কর্মকর্তাকে কোন কমিটিতে অন্তর্ভূক্ত করার পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণের নির্দেশনা থাকায় আলোচ্য জেলা পর্যায়ের কমিটি ও উপজেলা পর্যায়ের কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারসহ মাঠ প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণকে অন্তর্ভূক্ত করার পূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

সিদ্ধান্ত (১) ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও ৩ দিন ব্যাপী (১৬ জুন-১৮ জুন) জাতীয় ফল প্রদর্শনী সফল করার জন্য নিম্নরূপ ১০টি কমিটি/উপ-কমিটি গঠন করা হয় ঃ

| | | |
|---|---|---|
| (ক) জাতীয় কমিটি | - | সংলাগ-১ |
| (খ) বাস্তবায়ন-উপ-কমিটি | - | সংলাগ-২ |
| (গ) অর্থ উপ-কমিটি | - | সংলাগ-৩ |
| (ঘ) প্রচার ও প্রকাশনা উপ-কমিটি | - | সংলাগ-৪ |
| (ঙ) জাতীয় পর্যায়ের সেমিনার উপ-কমিটি | - | সংলাগ-৫ |
| (চ) মূল্যায়ন ও পুরস্কার উপ-কমিটি | - | সংলাগ-৬ |
| (ছ) সমাপনী অনুষ্ঠান উপ-কমিটি | - | সংলাগ-৭ |
| (জ) জাতীয় ফল প্রদর্শনী উপ-কমিটি | - | সংলাগ-৮ |
| (ঝ) জেলা পর্যায়ের কমিটি | - | সংলাগ-৯ |
| (ঞ) উপজেলা পর্যায়ের কমিটি। | - | সংলাগ-১০ |

সিদ্ধান্ত (২)ঃ কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ উইং ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী সফল করার জন্য জেলা পর্যায়ের কমিটি এবং উপজেলা পর্যায়ের কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারসহ মাঠ পর্যায়ের প্রস্তাবিত অন্যান্য কর্মকর্তাকে অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ করবে।

আলোচ্যসূচি-'ঙ'ঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেমিনারে জেলা ও উপজেলা পর্যায় হতে কৃষক প্রতিনিধি আমন্ত্রণ ।

আলোচনা ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ২০১৬ ও ৩ দিন ব্যাপী (১৬ জুন-১৮ জুন) জাতীয় ফল প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের পর খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর একটি সেমিনার অনুষ্ঠানের এবং উক্ত সেমিনারে অংশগ্রহনের জন্য জেলা ও উপজেলা পর্যায় হতে ১০ জন সফল কৃষককে আমন্ত্রণ জানানোর প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ আগামী ১৬ জুন ২০১৬ তারিখ বৃহস্পতিবার ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানের পর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল তাদের অডিটরিয়ামে ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর একটি সেমিনার আয়োজন করবে এবং উক্ত সেমিনারে জেলা ও উপজেলা পর্যায় হতে ১০ জন সফল কৃষককে আমন্ত্রণ জানানো হবে। এছাড়া বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউট (কেআইবি) এর অডিটরিয়াম বিনা অর্থে সেমিনার আয়োজনের জন্য পাওয়া গেলে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটরিয়ামের পরিবর্তে কেআইবি- এর অডিটরিয়ামে সেমিনার আয়োজনের ব্যবস্থা করতে হবে। বিনা অর্থে অডিটরিয়াম পাওয়ার জন্য কেআইবি কর্তৃপক্ষকে মন্ত্রণালয় হতে পত্র দিতে হবে।

আলোচ্যসূচি-'চ'ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/ ২০১৬ উপলক্ষে বিনা মূল্যে বিতরণকৃত ফলদ বৃক্ষের চারার জাত, সংখ্যা ও অবস্থান জানানো।

আলোচনা ঃ সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ও বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক রোপণকৃত চারার বর্তমান অবস্থা ও এ বছর ফলদ বৃক্ষ রোপণ পক্ষ উপলক্ষে কোন ধরণের কতটি ফলের চারা ও ওষধি গাছের চারা রোপণ করা হবে তা জানাতে হবে মর্মে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ও বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক রোপণকৃত চারার বর্তমান অবস্থা ও এ বছর ফলদ বৃক্ষ রোপণ পক্ষ উপলক্ষে কোন ধরণের কতটি ফলের চারা ও ওষধি গাছের চারা রোপণ করা হবে তা জানাতে হবে । তবে প্রতিবছর ফলদ বৃক্ষ রোপণ শেষ হবার পর মধ্যবর্তী (Mid-term) সময়ে জীবিত ওষধি গাছের চারার হার/সংখ্যা নির্ধারণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবে।

আলোচ্যসূচি-'ছ'ঃ ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী অনুষ্ঠানের জন্য কর্মসূচি নির্ধারণ ।

আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় আলোচনার পর ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও ৩ দিন ব্যাপী জাতীয় ফল প্রদর্শনী উপলক্ষে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বর পর্যন্ত বর্ণাঢ্য র‌্যালী বের করা, স্বল্প মূল্যে ফলের চারা বিতরণ, শিক্ষার্থীদের জন্য দেশী ফলের পরিচিতি সম্পর্কে বুকলেট মূদ্রণ,সেমিনার আয়োজন, জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ সহ নিম্নরূপ কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃনং | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান। | ১৬ জুন, ২০১৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০-০০ ঘটিকায় খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও ৩ দিন ব্যাপী জাতীয় ফল প্রদর্শনীর শুভ উদ্বোধন করা হবে। | বাস্তবায়নঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসি, কৃষি তথ্য সার্ভিস ও কৃষি মন্ত্রণালয়। |
| ২ | উদ্বোধনী দিনে বর্ণাঢ্য র‌্যালী। | ১৬ জুন/২০১৬ বৃহস্পতিবার সকাল ৮-৩০ ঘটিকায় জাতীয় সংসদ ভবনের দক্ষিন প্লাজা হতে একটি বর্ণাঢ্য র‌্যালী শুরু হয়ে তা খামারবাড়িস্থ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঃ কাঃ মুঃ গিয়াসউদ্দীন মিলকী অডিটরিয়াম চত্বরে গিয়ে শেষ হবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস, ডিএই, বিএডিসি, বার্ক, বারি, ব্রি, বিএমডিএ ও কৃষি মন্ত্রণালয় |
| ৩ | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদ্বোধনের পর একটি সেমিনার এর আয়োজন । | উদ্বোধনী অনুষ্ঠানের পর ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর বিএআরসি তাদের অডিটরিয়ামে (বিনা অর্থে পাওয়া গেলে কেআইবি অডিটরিয়ামে হবে) একটি সেমিনারের আয়োজন করবে এবং সেমিনারের প্রতিপাদ্য বিষয়, প্রবন্ধ উপস্থাপক ও আলোচকগণের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করবে। উক্ত সেমিনারে জেলা ও উপজেলা পর্যায় হতে ১০ জন সফল কৃষক-কে আমন্ত্রণ জানানো হবে। | বাস্তবায়নঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও কৃষি তথ্য সার্ভিস, কৃষি মন্ত্রণালয়। |
| ৪ | জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ফলদ বৃক্ষ মেলার আয়োজন, কম মূল্যে ফলের চারা/কলম বিতরণ । | ফলের গাছ রোপণ ও এর পরিচর্যা বিষয়ে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধকরণের লক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে ফলদ বৃক্ষ মেলার আয়োজন ও কম মূল্যে ফলের চারা/কলম বিতরণ করা হবে। | বাস্তবায়নঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসি ও কৃষি তথ্য সার্ভিস। |
| ৫ | জেলা ও উপজেলা পর্যায়ে আলোচনা সভা ও র‌্যালীর আয়োজন। | ১৬ জুন/২০১৬ তারিখে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি/বেসরকারি সংস্থা, কৃষক প্রতিনিধি ও এনজিও প্রতিনিধিদের নিয়ে ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর আলোচনা সভা ও র‌্যালীর আয়োজন করা হবে। | বাস্তবায়নঃ উপ-পরিচালক/ উপজেলা কৃষি কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ ইউএনওগণের সহযোগিতায় উক্ত আলোচনা সভা ও র‌্যালীর আয়োজন করবেন। |
| ৬ | সকল সরকারি ও বে-সরকারি সংস্থার অফিসে বিনা মূল্যে ফলদ বৃক্ষেও চারা বিতরণ। | সকল সরকারি/বে-সরকারি সংস্থার অফিস প্রাঙ্গন, স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, মন্দির, গীর্জাসহ রাস্তার দুই পার্শ্বে রোপণের উদ্দেশ্যে বিনা মূল্যে ফলদ বৃক্ষের চারা বিতরণ করা হবে। | বাস্তবায়নঃ উপ-পরিচালক/ উপজেলা কৃষি কর্মকর্তাগণ আগামী ২০ মে ২০১৬ তারিখের মধ্যে বর্ণিত স্থানসমূহে ফলদ বৃক্ষ রোপণ ও দরিদ্র কৃষকদের মাঝে ফলের চারা বিতরণের পরিকল্পনা কৃষি মন্ত্রণালয়কে অবহিত করবেন। |
| ৭ | ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক ফলদ বৃক্ষ মেলার আয়োজন। | ঢাকা সিটি কর্পোরেশন (উওর/দক্ষিণ) কে ঢাকা'র কোন মাঠে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহায়তায় একটি ফলদ বৃক্ষ মেলার আয়োজন করার জন্য অনুরোধ জানানো হবে। | বাস্তবায়নঃ ঢাকা সিটি কর্পোরেশন(উওর/দক্ষিণ) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | দৈনিক পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে প্রচার। | কৃষি তথ্য সার্ভিস দৈনিক পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে ফলদ বৃক্ষের চারা রোপণের গুরুত্ব ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | বাস্তবায়নঃ কৃষি মন্ত্রণালয়, পিআইডি, বিটিভি ও কৃষি তথ্য সার্ভিস। |
| ৯ | বেতার ও টিভিতে আলোচনা অনুষ্ঠান । | বিটিভি, বাংলাদেশ বেতার ও বেসরকারি টিভি চ্যানেলে মাননীয় কৃষি মন্ত্রী, কৃষি সচিব এবং এক বা একাধিক বিশেষজ্ঞের সমন্বয়ে ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর একটি আলোচনা অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাস্তবায়নঃ কৃষি মন্ত্রণালয়, পিআইডি ও কৃষি তথ্য সার্ভিস। |
| ১০ | সিটি কর্পোরেশন এলাকায় ফলদ বৃক্ষ রোপণ বিশেষভাবে উৎসাহিত করতে সিটি কর্পোরেশনসমূহকে অনুরোধ করা। | সিটি কর্পোরেশন এলাকায় ফলদ বৃক্ষ রোপণ উৎসাহিত করতে মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক সিটি কর্পোরেশনসমূহের মেয়রগণকে উপানুষ্ঠানিক পত্র দেয়ার ব্যবস্থা গৃহিত হবে। | বাস্তবায়নঃ কৃষি মন্ত্রণালয়। |
| ১১ | সচিব মহোদয় কর্তৃক সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ-কে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ। | সচিব মহোদয় কর্তৃক ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী সফল করতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ-কে আগামী ১৫-৫-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপানুষ্ঠানিক পত্র লেখার ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাস্তবায়নঃ কৃষি মন্ত্রণালয়। |
| ১২ | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপন উপলক্ষে লিফলেট বিতরণ, পোষ্টার ও ব্যানার টাঙ্গানো। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উপলক্ষে কৃষি তথ্য সার্ভিস পর্যাপ্ত সংখ্যক লিফলেট বিতরণ এবং পোষ্টার ও ব্যানার টাঙ্গানো এবং লিফলেট ও ব্যানারে ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী কথাটি স্পষ্টভাবে লিখবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস। |
| ১৩ | শিক্ষার্থীদের জন্য দেশী ফলের পরিচিতি ও উপকারিতা সম্পর্কে বুকলেট মুদ্রণ। | কৃষি তথ্য সার্ভিস মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য দেশী ফলের পরিচিতি ও উপকারিতা সম্পর্কে ১৫ হাজার বুকলেট কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস ও কৃষি মন্ত্রণালয় |
| ১৪ | ডিএই, বিএডিসি এবং বিএআরআই কর্তৃক চারা/কলম বিক্রির ব্যবস্থা গ্রহণ। | ডিএই, বিএডিসি এবং বিএআরআই যথাক্রমে ৯৫ লক্ষ, ১৫ লক্ষ ও ৩০ হাজার ফলের চারা/কলম বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। | বাস্তবায়নঃ ডিএই, বিএডিসি এবং বিএআরআই। |
| ১৫ | বিস্মৃতপ্রায় ও অপ্রচলিত ফলের চাষ বৃদ্ধির বিষয়ে জেলা ও উপজেলায় সেমিনারের আয়োজন। | বিএআরআই এবং ডিএই'র যৌথ উদ্যোগে দুষ্প্রাপ্য ও অপ্রচলিত ফলের চাষ বৃদ্ধির বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনারের আয়োজন করা হবে। | বাস্তবায়নঃ ডিএই ও বিএআরআই |
| ১৬ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও ইহার আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহে ফলদ বৃক্ষ রোপণ ও পরিচর্যার উপর কর্মশালার আয়োজন। | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ফলদ বৃক্ষ রোপণ ও পরিচর্যার উপর একটি কর্মশালার আয়োজন করবে। | বাস্তবায়নঃ বিএআরআই। |
| ১৭ | কৃষি তথ্য সার্ভিস কর্তৃক প্রকাশিত "কৃষি কথায়" আষাঢ় মাসের একটি বিশেষ সংখ্যা প্রকাশ। | ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যার উপর গুরুত্ব দিয়ে আষাঢ় মাসের কৃষি কথা'র বিশেষ সংখ্যা প্রকাশ করা হবে এবং তাতে ক্রোড়পত্রে প্রকাশিত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় কৃষি মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী ও মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক দেশী ফলের উপর লেখা প্রবন্ধ মুদ্রণ করা হবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | বর্ণিত কর্মসূচি সফল করার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করা। | বর্ণিত কর্মসূচি সফল করার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাস্তবায়নঃ ডিএই, বিএডিসি, বারি এবং জেলা ও উপজেলা প্রশাসন। |
| ১৯ | কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বিভিন্ন শ্লোগান সম্বলিত ব্যানার গুরুত্ব পূর্ণ স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উপলক্ষে ব্যানার তৈরীর জন্য কয়েকটি শ্লোগান প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ পূর্বক বিভিন্ন শ্লোগান সম্বলিত ব্যানার ফার্মগেট, মতিঝিলের শাপলা চত্বর,সচিবালয়ের আশেপাশে এবং জেলা ও উপজেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়। |
| ২০ | জাতীয় দৈনিক পত্রিকাসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদ্বোধন উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় কৃষি মন্ত্রী ও কৃষি সচিব মহোদয়ের বাণী দৈনিক ইত্তেফাক, দৈনিক জনকণ্ঠ ও দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস ও কৃষি মন্ত্রণালয় |
| ২১ | স্কুল কলেজের শিক্ষার্থীদের মধ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ। | জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে ফলদ বৃক্ষ রোপণ ও এর পরিচর্যা বিষয়ে স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মধ্যে রচনা ও চিত্রাংকণ প্রতিযোগিতার আয়োজন করা হবে। | বাস্তবায়নঃ কৃষি তথ্য সার্ভিস ও কৃষি মন্ত্রণালয়। |
| ২২ | উদ্বোধনী অনুষ্ঠানের জন্য মাননীয় কৃষি মন্ত্রী ও কৃষি সচিব মহোদয়ের জন্য ভাষণ প্রস্তুত করা। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী এর উদ্বোধনী অনুষ্ঠানের জন্য মাননীয় কৃষি মন্ত্রী ও কৃষি সচিব মহোদয়ের জন্য ভাষণ প্রস্তুত করে রাখতে হবে। | বাস্তবায়নেঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়। |
| ২৩ | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর র‌্যালীসহ অন্যান্য কার্যক্রমে নিরাপত্তা নিশ্চিত করা। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনীর র‌্যালীসহ অন্যান্য কার্যক্রমে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনারকে অনুরোধ করার ব্যবস্থা করতে হবে। | বাস্তবায়নেঃ কৃষি মন্ত্রণালয়। |
| ২৪ | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের ব্যবস্থা গ্রহণ। | ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/১৬ ও জাতীয় ফল প্রদর্শনী বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের অর্ধেক অগ্রিম উত্তোলন এবং অবশিষ্ট অর্ধেক বিলের মাধ্যমে উত্তোলনের জন্য মঞ্জুরীর বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) কে অনুরোধ জানানো হবে। | বাস্তবায়নঃ সম্প্রসারণ-২ অধিশাখা, প্রশাসন-৪ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়। |

**বিবিধ সিদ্ধান্ত ঃ** কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ) ফলদ বৃক্ষরোপণ পক্ষ, ২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপন কার্যক্রম বাস্তবায়নের জন্য সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া ফলদ বৃক্ষ রোপণ পক্ষ/২০১৬ ও জাতীয় ফল প্রদর্শনী সফল করার লক্ষ্যে গঠিত কমিটি/উপ-কমিটিসমূহের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য মে ২০১৬ মাসের ৩য় সপ্তাহে সচিব মহোদয়ের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণের সাথে একটি সভা অনুষ্ঠিত হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪.০৪.১৬

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

জাতীয় কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | - | প্রধান পৃষ্ঠপোষক |
| ২ | সচিব, কৃষি মন্ত্রণালয় | - | চেয়ারম্যান |
| ৩ | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪ | সচিব, ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫ | অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৬ | অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭ | অতিরিক্ত সচিব ও মহা-পরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮ | অতিরিক্ত সচিব(সম্প্রসারণ) | - | সদস্য |
| ৯ | অতিরিক্ত সচিব(গবেষণা) | - | সদস্য |
| ১০ | অতিরিক্ত সচিব(নিরীক্ষা) | - | সদস্য |
| ১১ | মহা-পরিচালক, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় (কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট) | - | সদস্য |
| ১২ | মহা-পরিচালক, বাংলাদেশ টেলিভিশন | - | সদস্য |
| ১৩ | মহা-পরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ১৪ | মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| ১৫ | মহা-পরিচালক, বাংলাদেশ বেতার | - | সদস্য |
| ১৬ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | - | সদস্য |
| ১৭ | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা | - | সদস্য |
| ১৮ | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - | সদস্য |
| ১৯ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | - | সদস্য |
| ২০ | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ২১ | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ২২ | মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | - | সদস্য |
| ২৩ | মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | - | সদস্য |
| ২৪ | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | - | সদস্য |
| ২৫ | মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব এর নীচে নহে) | - | সদস্য |
| ২৬ | যুগ্ম-সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৭ | যুগ্ম-সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৮ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ২৯ | যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩০ | মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর | - | সদস্য |
| ৩১ | মহা-পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর | - | সদস্য |
| ৩২ | মহা-পরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা | - | সদস্য |
| ৩৩ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা | - | সদস্য |
| ৩৪ | মহা-পরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনষ্টিটিউট, ঈশ্বরদী, পাবনা | - | সদস্য |
| ৩৫ | মহা-পরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, ময়মনসিংহ | - | সদস্য |
| ৩৬ | পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউট, খামারবাড়ি, ঢাকা | - | সদস্য |
| ৩৭ | নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিতপুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড | - | সদস্য |
| ৩৮ | নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ, উপ-শহর, রাজশাহী | - | সদস্য |
| ৩৯ | পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | - | সদস্য |
| ৪০ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর | - | সদস্য |
| ৪১ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৪২ | ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা | - | সদস্য |
| ৪৩ | নির্বাহী পরিচালক, বাংলাদেশ রুরাল এডভান্সমেন্ট কমিটি (ব্রাক) | - | সদস্য |
| ৪৪ | সভাপতি, বাংলাদেশ নার্সারী মালিক সমিতি | - | সদস্য |
| ৪৫ | সভাপতি, বাংলাদেশ নার্সারী এসোসিয়েশন | - | সদস্য |
| ৪৬ | মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | - | সদস্য সচিব |

কমিটিতে বিশিষ্ট নাগরিক এবং বিশেষজ্ঞ/বিশিষ্ট নার্সারী মালিক-কে কো-অপ্ট করা যাবে।

কার্য পরিধিঃ

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী পালন উপলক্ষে নীতি নির্ধারণীসহ জাতীয় পর্যায়ের সকল সিদ্ধান্ত গ্রহণ এবং সকল পর্যায়ের কমিটি ও উপ-কমিটিসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও সমন্বয় সাধন।

সংলাগ-২

বাস্তবায়ন উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | - | আহবায়ক |
| ২ | উপ-সচিব (সম্প্রসারণ-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩ | উপ-সচিব (প্রশাসন-২, সেবা অধিশাখা), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪ | প্রতিনিধি, বিএডিসি | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট | - | সদস্য |
| ৭ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ৮ | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা | - | সদস্য |
| ৯ | পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্য পরিধিঃ

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনীর সফল বাস্তবায়নের দায়িত্ব পালন; অন্যান্য কমিটির মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন এবং কর্মসূচির সকল বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ ও নির্দেশনা প্রদান ।

সংলাগ-৩

অর্থ উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | অতিরিক্ত-সচিব (সম্প্রসারণ উইং), কৃষি মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২ | উপ-সচিব (প্রশাসন-৪ অধিশাখা), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ৪ | প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | - | সদস্য |
| ৮ | প্রতিনিধি, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | - | সদস্য |
| ৯ | উপ-সচিব (সম্প্রসারণ-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

কার্য পরিধিঃ

ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী উদযাপনের জন্য কৃষি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার বরাদ্দ প্রস্তাব পরীক্ষাপূর্বক সংস্থা ভিত্তিক অর্থ বরাদ্দ চূড়ান্ত করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ।

সংলাগ-৪

প্রচার ও প্রকাশনা উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - | আহবায়ক |
| ২ | প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৩ | প্রতিনিধি, কৃষি বিপণন অধিদপ্তর | - | সদস্য |
| ৪ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | - | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | - | সদস্য |
| ৮ | প্রতিনিধি, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | - | সদস্য |
| ৯ | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি | - | সদস্য |
| ১০ | প্রতিনিধি, পিআইডি | - | সদস্য |
| ১১ | প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য-সচিব |

কার্য-পরিধিঃ

(ক) প্রচার ও প্রকাশনার যাবতীয় দায়িত্ব পালন;

(খ) জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ ;

(গ) ঢাকা শহরে পর্যাপ্ত ব্যানার/ফেস্টুন, প্লাকার্ড টাঙ্গানোর ব্যবস্থা করা;

(ঘ) 'মাটি ও মানুষ' ও 'বাংলার কৃষি' অনুষ্ঠানের মাধ্যমে ফল চাষের উপর বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা;

(ঙ) ফলদ বৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনীর কমপক্ষে ১৫ দিন পূর্বে প্রচারপত্র বিলির ব্যবস্থা করা এবং

(চ) "কৃষি কথা" নামে আষাঢ় মাসের বিশেষ সংখ্যা প্রকাশের ব্যবস্থা করা।

সংলাগ-৫

জাতীয় পর্যায়ের সেমিনার উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | নির্বাহী চেয়ারম্যান,বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | আহবায়ক |
| ২ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | - | সদস্য |
| ৩ | প্রতিনিধি, বীজ প্রত্যয়ন এজেন্সী | - | সদস্য |
| ৪ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, হর্টেক্স ফাউন্ডেশন | - | সদস্য |
| ৬ | পরিচালক, হর্টিকালচার উইং | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ৮ | সদস্য পরিচালক (ন্যাচারাল রিসোর্সেস), বিএআরসি | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্য-পরিধিঃ

(ক) জাতীয় পর্যায়ে ফলদ বৃক্ষ রোপণ সংক্রান্ত উদ্বোধনী অনুষ্ঠান, ফল মেলা ও ফলদ বৃক্ষ মেলা, আলোচনা সভা/সেমিনারের আয়োজন করা;

(খ) ফলের চারা বৃদ্ধির উপর একটি ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন করা এবং

(গ) স্থানীয় পর্যায়ে প্রতিটি জেলা/উপজেলায় আলোচনা সভা/ওয়ার্কশপ/সেমিনারের জন্য একটি গাইড লাইন প্রস্তুত করা।

সংলা

মূল্যায়ন ও পুরস্কার উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব ও মহা-পরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ২ | সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি | - | সদস্য |
| ৩ | পরিচালক (হর্টিকালচার), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৪ | অতিরিক্ত পরিচালক (মনিটরিং), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৫ | অতিরিক্ত পরিচালক (প্রশিক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৬ | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট | - | সদস্য |
| ৮ | অতিরিক্ত পরিচালক (উদ্যান), খাদ্য শস্য উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য-সচিব |

কার্য-পরিধিঃ

(ক) স্টল মূল্যায়ন করা;
(খ) পুরস্কারসমূহের ক্রেস্ট ও সনদ প্রস্তুত করা;
(গ) পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তা বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
(ঘ) সংশ্লিষ্ট অন্যান্য কাজ।

সংলাগ-৭

সমাপনী অনুষ্ঠান উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | আহবায়ক |
| ২ | অতিরিক্ত পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৩ | অতিরিক্ত পরিচালক (উন্নয়ন) খাদ্যশস্য উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৪ | উপ-পরিচালক (অর্থকরী ফসল উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ৮ | উপ-পরিচালক (সম্প্রসারণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্য-পরিধিঃ

(ক) ফলদ বৃক্ষ রোপণ পক্ষের সমাপনী অনুষ্ঠানের যাবতীয় কার্য সম্পাদন;
(খ) ভেনু, প্রধান অতিথি ও কর্মসূচী নির্বাচন করা;
(গ) সংশ্লিষ্ট অন্যান্য কাজ।

সংলাগ-৮

ফল প্রদর্শনী উপ-কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | পরিচালক (হর্টিকালচার উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | আহবায়ক |
| ২ | অতিরিক্ত পরিচালক (প্রশাসন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৩ | অতিরিক্ত পরিচালক (উদ্যান) খাদ্য শস্য উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ৪ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | - | সদস্য |
| ৫ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | - | সদস্য |
| ৬ | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | - | সদস্য |
| ৭ | প্রতিনিধি, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ) | - | সদস্য |
| ৮ | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা | - | সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

কার্য-পরিধিঃ

(ক) ফল প্রদর্শনী অনুষ্ঠানের যাবতীয় কার্যক্রম এবং (খ) সংশ্লিষ্ট অন্যান্য কাজ।

সংলাগ-৯

জেলা পর্যায়ের কমিটি ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | | সদস্য |
| ৩ | পুলিশ সুপার | - | সদস্য |
| ৪ | সিভিল সার্জন | - | সদস্য |
| ৫ | মেয়র, সদর পৌরসভা | - | সদস্য |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - | সদস্য |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৮ | বিভাগীয় বন কর্মকর্তা, বন বিভাগ, বন অধিদপ্তর | - | সদস্য |
| ৯ | জেলা পশু সম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| ১০ | যুগ্ম-পরিচালক (উদ্যান/এএসসি),বিএডিসি/<br>উপ-পরিচালক (উদ্যান/এএসসি),বিএডিসি/<br>উপ-পরিচালক (বীজ ও বিপণন), বিএডিসি | - | সদস্য |
| ১১ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি (সংশ্লিষ্ট এলাকা) | - | সদস্য |
| ১২ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি (সংশ্লিষ্ট এলাকা) | - | সদস্য |
| ১৩ | অধ্যক্ষ, সরকারী কলেজ | - | সদস্য |
| ১৪ | জেলা তথ্য অফিসার | - | সদস্য |
| ১৫ | জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ১৬ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| ১৭ | প্রতিনিধি, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (প্রযোজ্যক্ষেত্রে) | - | সদস্য |
| ১৮ | আঞ্চলিক পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - | সদস্য |
| ১৯ | প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর ( প্রযোজ্যক্ষেত্রে) | | |
| ২০ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য-সচিব |

জেলার মাননীয় সংসদ সদস্যবৃন্দ, প্রশাসক, জেলা পরিষদ কমিটিতে উপদেষ্টা হিসেবে থাকবেন। কমিটি ২জন সংশ্লিষ্ট বিশিষ্ট নাগরিক, ২জন বিশিষ্ট নার্সারী মালিক ও ২জন এনজিও প্রতিনিধি ও ২ জন কৃষককে কো-অপ্ট করতে পারবে।

কার্য-পরিধিঃ

(ক) কৃষি মন্ত্রণালয় ঘোষিত কর্মসূচি জেলায় বাস্তবায়নের ব্যাপারে সকল কার্যক্রম গ্রহণ এবং

(খ) উপজেলা পর্যায়ের কার্যক্রম মনিটর করা।

উপজেলা পর্যায়ের কমিটিঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২ | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |
| ৩ | অধ্যক্ষ, সরকারী কলেজ | - | সদস্য |
| ৪ | স্থানীয় পৌরসভার মেয়র | - | সদস্য |
| ৫ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | - | সদস্য |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| ৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | - | সদস্য |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| ৯ | উপজেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ১০ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর প্রতিনিধি | - | সদস্য |
| ১১ | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি | - | সদস্য |
| ১২ | প্রতিনিধি, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (প্রযোজ্যক্ষেত্রে) | - | সদস্য |
| ১৩ | সহকারী বন সংরক্ষক, বন বিভাগ,বন অধিদপ্তর এর প্রতিনিধি(প্রযোজ্যক্ষেত্রে) | - | সদস্য |
| ১৪ | প্রতিনিধি, সড়ক ও জনপথ বিভাগ | - | সদস্য |
| ১৫ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | - | সদস্য |
| ১৬ | উপজেলা কৃষি অফিসার | - | সদস্য-সচিব |

মাননীয় সংসদ সদস্য ও সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান কমিটিতে উপদেষ্টা হিসেবে থাকবেন। কমিটি কর্তৃক ২জন সংশ্লিষ্ট বিশিষ্ট নাগরিক, ২জন বিশিষ্ট নার্সারী মালিক ও ২জন এনজিও প্রতিনিধি ও ২ জন কৃষককে কো-অপ্ট করতে পারবে।

কার্য-পরিধিঃ

কৃষি মন্ত্রণালয় ঘোষিত কর্মসূচী উপজেলায় বাস্তবায়নের ব্যাপারে সকল পদক্ষেপ গ্রহণ।